



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
(বারটান)

পুষ্টি শিক্ষা শাখা

সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা

www.birtan.gov.bd

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৭.২৫.০০১.১৯-১৬

তারিখ: ৩ পৌষ ১৪২৬

১৮ ডিসেম্বর ২০১৯

বিষয়: খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসঙ্গে।

বারটান-এর রোড ম্যাপ অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরে উপরোল্লিখিত বিষয়ে ২ (দুই) ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ২৯-৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরণ, সংখ্যা এবং প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান নিম্নে উল্লেখ করা হলোঃ

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান	
			তারিখ	স্থান
১ম ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও (সর্বোচ্চ ১০ জন), মৎস্য (০১ জন), প্রাণিসম্পদ (০১ জন) ও স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা (০২ জন), স্কুল/মাদ্রাসা শিক্ষক (বিজ্ঞান বিভাগের-১১ জন), ইমাম (০১ জন), পুরোহিত (০১ জন), ইউপি সদস্য (০১ জন) ও এনজিও কর্মী (০২ জন)।	৩০ জন	২৯-৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ	কৃষি কর্মকর্তার প্রশিক্ষণ কক্ষ, কালিহাতী, টাঙ্গাইল।
২য় ব্যাচ	কিষাণ-কিষাণী (কিষাণ-২০ জন এবং কিষাণী-১০ জন)	৩০ জন	২৯-৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ	উপজেলা পরিষদ মিলনায়তন, কালিহাতী, টাঙ্গাইল।

০২। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক অনুযায়ী এসএএও, মৎস্য, প্রাণিসম্পদ ও স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক (বিজ্ঞান বিভাগের), ইমাম, পুরোহিত, ইউপি সদস্য ও এনজিও কর্মী এবং কিষাণ-কিষাণী মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) পাঠদানের জন্য ঘণ্টা প্রতি ১০০০/- (একহাজার) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

০৩। এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়ন দানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (পূর্বে যারা এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না)। এছাড়া বারটান এর প্রশিক্ষণ প্রদান এর জন্য দায়িত্বপ্রাপ্ত দুই জন কর্মকর্তাকে আগামী ২৯-৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় সরকারি ব্যবস্থাপনাধীন আবাসনের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।


২০-১২-২০১৯

কাজী আবুল কালাম  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

উপজেলা কৃষি কর্মকর্তা  
কালিহাতী, টাঙ্গাইল।

অনুলিপি বিতরণঃ অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল।
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৪) নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫) হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৬) অফিস নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।



২৩-১২-২০১৯

কাজী আবুল কালাম  
পরিচালক (প্রশাসন ও অর্থ)